

বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন

বনশিল্প ভবন

৭৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।

শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ।

পত্র নং-বশিউক/সদঃ/রাঃবিঃ-৮২(১৪)/পাট-২/২০১৮-১৯/১৩

তারিখঃ ১০-১২-২০১৯

প্রতি

.....
.....
.....

বিষয়ঃ- বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন (বিএফআইডিসি)-এর উৎপাদিত বিভিন্ন গ্রেডের রাবার টেভার প্রথার পাশাপাশি পাক্ষিক নির্ধারিত মূল্যে বিক্রয় প্রসঙ্গে।

এতদ্বারা সকল রাবার শিল্প প্রতিষ্ঠান, রাবার ব্যবহারকারী ব্যক্তি, আগ্রহী রাবার ক্রেতা/ব্যবসায় প্রতিষ্ঠান এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের উৎপাদিত বিভিন্ন গ্রেডের রাবার টেভার প্রথার পাশাপাশি পাক্ষিক নির্ধারিত মূল্যে বিক্রয়ের ব্যবস্থা নেয়া হয়েছে।


চলতি জানুয়ারি/২০১৯ মাসের প্রথম পাক্ষিকের (০১-০১-২০১৯ হতে ১৫-০১-২০১৯ পর্যন্ত) কর্পোরেশনের উৎপাদিত বিভিন্ন গ্রেডের রাবারের নির্ধারিত বিক্রয় মূল্য নিম্নরূপঃ-

রাবারের বিবরণ	নিরূপিত/ নির্ধারিত মূল্য (প্রতি কেজি)	০৯-০১-২০১৯ তারিখ হিসাব মতে, মজুদের পরিমাণ (মেঃ টন)
গ্রেড-১(সুপার)	১৪৮/- (একশত আটচল্লিশ) টাকা।	৬৪.৮০০ মেঃ টন
গ্রেড-১ রাবার	১২৩/- (একশত তেইশ) টাকা।	৬৯৭.৪৩৬ মেঃ টন
গ্রেড-২ রাবার	১১১/- (একশত এগারো) টাকা।	৭৮.৩৫৫ মেঃ টন
গ্রেড-৩ রাবার	১০৫/- (একশত পাঁচ) টাকা।	১০.৯৭ মেঃ টন
কাটিং রাবার (গ্রেড-৩)	১০৭/- (একশত সাত) টাকা।	৪৯.৭৫৯ মেঃ টন

রাবার ক্রয়ে ইচ্ছুক রাবার শিল্প প্রতিষ্ঠান, রাবার ব্যবসায়ী, সকল শ্রেণীর আগ্রহী সাধারণ ক্রেতা/প্রতিষ্ঠানকে নির্ধারিত আবেদন ফরমে রাবার ক্রয়ের ইচ্ছা ব্যক্ত করে চেয়ারম্যান, বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন, বনশিল্প ভবন, ৭৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা এবং মহাব্যবস্থাপক, রাবার বিভাগ, চট্টগ্রাম জোন, এফ/১২, চান্দগাঁও আবাসিক এলাকা, চট্টগ্রাম বরাবর আবেদন করার জন্য অনুরোধ করা হল। রাবার ক্রয়ের নির্ধারিত আবেদন ফরম কর্পোরেশনের সদর দপ্তরের রাবার বিভাগে, চট্টগ্রাম জোন দপ্তরের এবং কর্পোরেশনের **Web-site: www.bfidec.gov.bd**-এ পাওয়া যাবে। এছাড়া, প্রতি মাসের প্রতি পাক্ষিক-এর বিভিন্ন গ্রেডের রাবারের নির্ধারিত বিক্রয় মূল্যও কর্পোরেশনের **Web-site: www.bfidec.gov.bd**-এ পাওয়া যাবে।

উল্লেখ্য, চাহিদাকৃত আরএসএস গ্রেড-১ সুপার/রাবার/কাটিং রাবার-এর সর্বমোট মূল্য এবং সর্বমোট মূল্যের ওপর ১৫% ভ্যাটসহ সম্পূর্ণ টাকা যে কোন সিডিউল ব্যাংক থেকে পে-অর্ডার/ডিডি আকারে "বিএফআইডিসি, হেড অফিস, ঢাকা"-এর নামে হিসাব বিভাগ, বশিউক, সদর দপ্তর, ৭৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকায় অথবা "মহাব্যবস্থাপক, বশিউক, রাবার বিভাগ, চট্টগ্রাম"-এর নামে বশিউক, রাবার বিভাগ, চট্টগ্রাম জোন দপ্তর, এফ/১২, চান্দগাঁও আবাসিক এলাকা, চট্টগ্রাম-এ জমা দেয়ার পর বশিউক, সদর দপ্তরের রাবার বিভাগ থেকে সংশ্লিষ্ট ক্রেতা প্রতিষ্ঠানের অনুকূলে বিক্রয়/সরবরাহ আদেশ জারী করা হবে। কর্পোরেশনের মিরপুরস্থ বিক্রয় কেন্দ্র/চট্টগ্রাম জোন দপ্তরের গুদাম থেকে ক্রয়কৃত রাবার সরবরাহ পাওয়া যাবে।

আরো উল্লেখ্য যে, আরএসএস গ্রেড-১ সুপার/গ্রেড-১ রাবার ন্যূনতম ১০.০০ মেঃ টন, অন্যান্য গ্রেডের রাবার/কাটিং রাবার ন্যূনতম ৫.০০ মেঃ টনের নীচে ক্রয় করা যাবে না। তবে শেষ মজুদ হিসেবে ১০.০০/০৫.০০ মেঃ টনের কম যে কোন পরিমাণ মজুদকৃত আরএসএস গ্রেড-১ সুপার/রাবার/কাটিং রাবার একত্রে বিক্রি করার অধিকার কর্পোরেশন সংরক্ষণ করেন।


(প্রকৌশলী মোঃ সাকিল আহমেদ)

মহাব্যবস্থাপক (রাবার)

ফোন: ৯৫৬২২৫২ (অফিস)

২০/০১/১৯

(অপর পৃষ্ঠা দ্রঃ)

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল :

- ১। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)/(উৎপাদন ও বাণিজ্য)/(অর্থ), বিশিউক, সদর দপ্তর, ঢাকা।
- ২। মহাব্যবস্থাপক, বিশিউক, রাবার বিভাগ, চট্টগ্রাম জোন, চট্টগ্রাম/সিলেট জোন, মৌলভীবাজার/টাঙ্গাইল-শেরপুর জোন, টাঙ্গাইল।
- ৩। চেয়ারম্যানের একান্ত সচিব, বিশিউক, সদর দপ্তর, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। ব্যবস্থাপক (হিসাব), বিশিউক, সদর দপ্তর, ঢাকা।
- ৫। বিক্রয় ইনচার্জ, বিশিউক, রাবার বিক্রয় কেন্দ্র, চট্টগ্রাম/সিলেট/টাঙ্গাইল-শেরপুর জোন, মিরপুর, ঢাকা।
- ৬। জনাব সন্দীপ কুমার সরকার, সহ-ব্যবস্থাপক(প্রশাসন), সাধারণ সেবা শাখা, বিশিউক, সদর দপ্তর, ঢাকা (কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল)।
- ৭। অফিস কপি।

স্বঃ

মহাব্যবস্থাপক (রাবার)
ফোন: ৯৫৬২২৫২ (অফিস)

.....
.....
.....